

বেরোবির ওয়াজেদ রিসার্চ ইনস্টিটিউট ও সিপিজের সমঝোতা চুক্তি

বেরোবি প্রতিনিধি ০৬ মার্চ ২০১৯, ১০:১৯

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের (সিপিজে) সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (৫ মার্চ) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে এই চুক্তি স্বাক্ষর হয়।

আনুষ্ঠানিকভাবে সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন- বেরোবির পক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মেজর নাজমুল আহসান কলিমুল্লাহ এবং সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের (সিপিজে) পক্ষে গবেষণা সমন্বয়ক মুহাম্মদ বদিউজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের সদস্য ড. সাবের আহমেদ চৌধুরী।

এ চুক্তির ফলে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা সমাজের উন্নতি, সমৃদ্ধি ও শান্তির ক্ষেত্রে সৃজনশীল ব্যবসা উদ্ভাবনে নারীর সম্পৃক্ততা ও অগ্রাধিকার প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারবে।

বেরোবির উপাচার্য ও ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মেজর নাজমুল আহসান কলিমুল্লাহ সমঝোতা চুক্তি স্বাক্ষরের জন্য এবং সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসকে (সিপিজে) ধন্যবাদ জানান।